দৈনিক সংবাদ

095

তারিখ 22 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 4

# মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ নির্বাচনে সংগ্রাম পরিষদের প্রার্থীরা জয়ী

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ (ডামেকসু) নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদ মনোনীত 'লিয়াকত-লিটু পরিষদ' সকল আসনে বিজয়ী হয়েছে।

গতকাল বুধবার কড়া নিরাপত্তার মধ্যে অনুষ্ঠিত এই নির্বা-

(শেষ পৃ: ৬-এর ৪: ম:)

## মেডিক্যাল কলেজ

(১ম পাতার পর)

চনে ৪র্থ বর্ষের পরীক্ষার্থী লিয়াকত হোসেন-ছাত্রলীগ (সু-র) সহ-সভাপতি এবং ৪র্থ বর্ষের ছাত্র মনিলাল আইচ লিটু (ছাত্র ইউনিয়ন) সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। দীর্ঘ ৮ বছর পর এই নির্বাচন অনুষ্ঠিত হলো। নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদ ছাড়াও জাতীয়তাবাদী ছাত্রদল এবং ইসলামী ছাত্র শিবির পৃথকভাবে প্রতিদ্বন্দ্বিতা করে।

ছাত্র সংসদের মোট ২০টি পদে বিজয়ী অন্যরা হচ্ছেন-- বহি: ক্রীড়া সম্পাদক: দিলীপ কুমার দাস, সদস্য: মাহফুজ-উল্লাহ চিশ্তী ও হুমায়ুন কবীর পলাশ, কমনরুম সম্পাদক : কাওসারুজ্জামান, সদস্য : হুমায়ুন কামাল ইসলাম ও আরিফ মাহমুদ, ক্রীড়া সম্পাদক: আশেকুল ইসলাম হিমু, সদস্য : মশিউর রহমান ও রকিবউদ্দিন, সাহিত্য সম্পাদক : আবেশ কুমার ভট্টাচার্য, সদস্য : ইশতিয়াক মামান ও মোস্তফা জামান বাবুল, সমাজসেবা সম্পাদক : ফরহাদ আলী খান, সদস্য : জুলফিকার হাসান ও জহিরুল করিম, আপ্যায়ন সম্পাদক : আহমেদ জাহেদ হোসাইন সোহেল, সদস্য : বশির আহমেদ ও শেখ হাসান মামুন।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, মোট ৮৫০ জন ভোটারের মধ্যে ৭৮৭ জন ভোট দেন। ছাত্র সংগ্রাম পরিষদের প্যানেল শতকরা ৫৩ ভাগ এবং ছাত্রদলের প্যানেল ৪৭ ভাগ ভোট পেয়েছে। একই সূত্রে বলা হয়, ইসলামী ছাত্র শিবিরের পক্ষে কোন ভোট পড়েনি বললেই চলে।